

10 মে, 2019

প্রিয় পরিবারবর্গ,

ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফ সদস্যদের স্বাস্থ্য এবং মঙ্গল সবচেয়ে গুরুত্বপূর্ণ, এবং সেজন্যে আপনার এলাকায় ইদানিং আরো দুটো মিসলস্ আক্রান্তের ঘটনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য আমরা আপনাদেরকে জানাতে চাই। এই শিক্ষার্থীদের আক্রান্ত হবার পর স্কুলে আর উপস্থিত হয়নি, এবং তারা স্কুলে থাকাকালীন সময় অন্যান্য শিক্ষার্থীদের আক্রান্ত করার ঝুঁকি ছিল না। সতর্কতার অংশ হিসেবে এবং আমাদের টিকার নিয়ম-নীতি মনে করিয়ে দেয়ার জন্য আমরা এই তথ্য আপনাদের সাথে শেয়ার করছি।

মিসলস্ প্রতিরোধের সবচেয়ে ভাল প্রতিষেধক হচ্ছে টিকা গ্রহণ। কেউ যদি মিজলস্, মাম্পস্, এবং রুবেল্লা (MMR) টিকার দুইটি ডোজ নিয়ে থাকে তার এই রোগ হবার সম্ভাবনা খুবই কম। এই মুহুর্তে, বিভিন্ন প্রোগ্রামের শিক্ষার্থীদের এই রোগ হবার সম্ভাবনা এখনও খুবই কম রয়েছে যেহেতু তাদের মধ্যে টিকা দেয়ার হার অনেক বেশী।

আপনাদের মনে করিয়ে দেয়ার জন্য জানাচ্ছি যে, নিউ ইয়র্ক স্টেট জনস্বাস্থ্য আইন এবং নিউ ইয়র্ক সিটি হেলথ কোড অনুযায়ী সকল শিক্ষার্থীর প্রোগ্রামে উপস্থিত হতে হলে বাধ্যতামূলকভাবে টিকা দিতে হবে অথবা শরীরে মিসলস্ প্রতিরোধ ক্ষমতা আছে তার প্রমাণ দিতে হবে, যাদের এটা থেকে অব্যাহতি অনুমোদন করা হয়েছে তারা ব্যতীত। আপনি স্কুলের টিকা সংক্রান্ত শর্তাবলী দেখতে পাবেন www.schools.nyc.gov/immunization -এই ওয়েবসাইটে অথবা www.nyc.gov -এই সাইটে এবং ওখানে “immunization requirements” লিখে সার্চ করুন।

মিসলস্ একটি সংক্রামক ইনফেকশন যা থেকে জ্বর এবং চামরায় র্যাশ হয়। এই ইনফেকশন থেকে যে ধরনের সমস্যা দেখা দিতে পারে তার মধ্যে আছে নিউমোনিয়া, মস্তিষ্ক ফুলে যাওয়া, হাসপাতালে ভর্তি হওয়া এবং মৃত্যুর সম্ভাবনা। এটা অত্যন্ত ছোঁয়াচে এবং যে কখনো এই রোগের টিকা নেয়নি তারা যে কোন বয়সে এই রোগে আক্রান্ত হতে পারে। 9 এপ্রিল, স্বাস্থ্য কমিশনার জারি করেছেন যে 11205, 11206, 11211 এবং 11249 জিপ কোডে বসবাসকারী প্রত্যেক প্রাপ্ত বয়স্ক ও শিশু যারা MMR টিকা দেয়নি তাদের এই টিকা দিতে হবে।

আপনার পরিবারের সবাই মিসলস্-এর টিকা নিয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য আমরা আপনাদের উৎসাহিত করছি। যদি আপনি আপনার সন্তানের টিকার ইতিহাস সম্পর্কে নিশ্চিত না থাকেন, তবে তার চিকিৎসকের কাছ থেকে নিশ্চিত হয়ে নিন যে তাকে যথাযথ টিকা দেয়া হয়েছে অথবা তার শরীরে মিসলস্ প্রতিরোধ ক্ষমতা আছে। আপনি অথবা আপনার সন্তানকে কোথায় টিকা দেবেন তা জানতে 311 নম্বরে ফোন করুন।

রজার প্ল্যাট (Roger Platt), এমডি
চিফ এক্সিকিউটিভ অফিসার
অফিস অভ স্কুল হেলথ
NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন